



রেজিস্ট্রার-এর কার্যালয়

## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়



সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন : ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্স: ০২৯৯৭৭৫৩০১৩

সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৬৯৯/

তারিখ : ১৬ চৈত্র ১৪৩০  
৩০ মার্চ ২০২৪

### অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব অর্জুন চন্দ্র ভৌমিক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে সহকারী অধ্যাপক পদে চাকুরীরত অবস্থায় University of South Dakota, USA-এ মাস্টার্স প্রোগ্রামে অধ্যয়নের জন্য বিগত ১০/০৮/২০১৭ তারিখে ০১ বছরের শিক্ষা ছুটি নিয়ে USA গমন করেন। ০১ (এক) বছর শিক্ষা ছুটি শেষ হওয়ার পর আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত প্রোগ্রামের জন্য শিক্ষা ছুটির মেয়াদ ০৯/০৮/২০১৯ তারিখ পর্যন্ত আরো ০১ বছর বৃদ্ধি করা হয়; এবং

২. যেহেতু, আপনি মাস্টার্স প্রোগ্রামে ০২ বছর শিক্ষা ছুটি ভোগের পর একই বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে ১০/০৮/২০১৯ তারিখ হতে ০৯/০৮/২০২২ তারিখ পর্যন্ত পর্যায়ক্রমে ০৩ বছর শিক্ষা ছুটি ভোগ করেন; এবং

৩. যেহেতু, আপনি শিক্ষা ছুটির মেয়াদ ৫ম বছর শেষ হওয়ার পর পুনরায় শিক্ষা ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য কোন আবেদন করেননি কিংবা বিভাগের কর্তব্যকাজে যোগদান করেননি এমনকি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ করেননি। অধিকন্তু নিয়ম বহির্ভূতভাবে গত ০৯/০৮/২০২২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

৪. সেহেতু, এফগে আপনাকে উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) এবং (চ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে এ বিধিমালার ৪(৫) (গ) এবং (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অভিযোগ প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে-

*(Signature)*  
৩০/০৩/২০২৪

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক-

জনাব অর্জুন চন্দ্র ভৌমিক

সহযোগী অধ্যাপক

রসায়ন বিভাগ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

স্থায়ী ঠিকানাঃ

জনাব অর্জুন চন্দ্র ভৌমিক

প্রযত্নে: জগদীশ চন্দ্র ভৌমিক

গ্রাম- সাতবাড়ীয়া, ডাকঘর- মতিগঞ্জ

উপজেলা- সোনাগাজী, জেলা- ফেনী।

### অভিযোগ বিবরণী

আপনি জনাব অর্জুন চন্দ্র ভৌমিক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে সহকারী অধ্যাপক পদে চাকুরীরত অবস্থায় University of South Dakota, USA-এ মাস্টার্স প্রোগ্রামে অধ্যয়নের জন্য বিগত ১০/০৮/২০১৭ তারিখ হতে ০৯/০৮/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর শিক্ষা ছুটি ভোগ করেন। পরবর্তীতে একই বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে ১০/০৮/২০১৯ তারিখ হতে ০৯/০৮/২০২২ তারিখ পর্যন্ত পর্যায়ক্রমে ০৩ বছর শিক্ষা ছুটি ভোগের পর পুনরায় শিক্ষা ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য কোন আবেদন কিংবা বিভাগের কর্তব্যকাজে যোগদান করেননি এমনকি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথেও কোন প্রকার যোগাযোগ করেননি। অধিকন্তু নিয়ম বহির্ভূতভাবে গত ০৯/০৮/২০২২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য এবং শাস্তিযোগ্য অপরাধ। একই বিধিমালার ৩ (খ) এবং (চ) ধারা অনুযায়ী আপনি অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত হয়েছেন।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।